



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/16/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো রবিবার এক মিলিয়নের এক-চতুর্থাংশ একদিনের COVID-19 টিকার অ্যাপয়েন্টমেন্ট নিবন্ধনের কথা ঘোষণা করেছেন - যা টিকাকরণ শুরু হওয়ার পর বৃহত্তম এক-দিনের নিবন্ধিকরণ

250,924 অ্যাপয়েন্টমেন্ট সফলভাবে রাজ্য পরিচালিত টিকাকরণ সাইটে বুক করা হয়েছে, কোমর্বিডিটি সহ নিউ ইয়র্কবাসীদের প্রতি যোগ্যতা সম্প্রসারণের পর

1,645,941 ব্যক্তিগত ক্লিনিং পরিচালিত হয়েছে "আমি কি যোগ্য" টুলের মাধ্যমে কেবল রবিবারে; যা মোট ক্লিনিং এর 13 শতাংশ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে রবিবার, কোমর্বিডিটি সহ নিউ ইয়র্কবাসীদের জন্য যোগ্যতার প্রথম দিনে, রাজ্য পরিচালিত গণ টিকাকরণ সাইটের এক চতুর্থাংশেরও বেশি টিকা দান করা হয়েছে - যা টিকা দান শুরু হওয়ার পর থেকে বৃহত্তম একদিনের নিবন্ধন। বিশেষ করে, 250,924 জন নিউ ইয়র্কবাসী প্রতি ঘন্টায় প্রায় 10,000 হারে COVID-19 টিকার জন্য অ্যাপয়েন্টমেন্ট করেছে। উপরন্তু, রবিবার রাজ্যের 'আমি কি যোগ্য' টুলে 1,645,941টি স্কিনিং পরিচালনা করা হয়, যা প্রথম চালু হওয়ার পর থেকে এই সাইটের মাধ্যমে পরিচালিত সকল স্কিনিং এর 13 শতাংশের প্রতিনিধিত্ব করে।

এই বিশাল ধাক্কা সম্পূর্ণ হওয়ার পর হওয়ায়, 16 এপ্রিল পর্যন্ত রাজ্যপরিচালিত গণ টিকাকরণ সাইটে অ্যাপয়েন্টমেন্ট বুক করা হয়েছে, যার মধ্যে একমাত্র ব্যতিক্রম হচ্ছে:

- নিউ ইয়র্ক স্টেট ফেয়ার - 16 মার্চ পর্যন্ত বুক করা হয়েছে
- স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (State University of New York, SUNY) পটসড্যাম - 1 এপ্রিল পর্যন্ত বুক করা হয়েছে
- রোচেস্টার ডোম (Rochester Dome) - 4 এপ্রিল পর্যন্ত বুক করা হয়েছে
- SUNY স্টোনি ব্রুক (SUNY Stony Brook) - 13 এপ্রিল পর্যন্ত বুক করা হয়েছে

"আমরা যোগ্যতা বাড়ানোর জন্য কঠোর পরিশ্রম করছি, নিউ ইয়র্কবাসীদের জন্য অ্যাপয়েন্টমেন্ট পাওয়া সহজ করে তুলছি এবং রাজ্য জুড়ে বাহুতে শট প্রবেশ করাচ্ছি, এবং সিস্টেমটি কাজ করছে," **গভর্নর কুওমো বলেন।** "একদিনে 250,000 অ্যাপয়েন্টমেন্ট একটি মাইলফলক, এবং আমরা আরো কিছু করতে পারি - আমাদের আরো টিকার সরবরাহ প্রয়োজন। আমরা সিস্টেমটিকে

কাজ করতে দেখছি - আরো নিউ ইয়র্কবাসী খুঁজে বের করছেন যে তারা যোগ্য কিনা, অ্যাপয়েন্টমেন্ট করছেন এবং টিকা নিচ্ছেন। কিন্তু আমাদের টিকা প্রচেষ্টাকে অতিরিক্ত মাত্রায় পরিচালিত করার জন্য ফেডারেল সরকারের কাছ থেকে আরো সরবরাহ প্রয়োজন।"

জানুয়ারিতে যখন রাজ্য-পরিচালিত গণ টিকাকরণ সাইটের জন্য প্রথম অ্যাপয়েন্টমেন্ট খোলা হয়, তখন একই সংখ্যক লোক রবিবারের জন্য অ্যাপয়েন্টমেন্ট করার আগে 30 ঘন্টারও বেশি সময় অতিবাহিত হয়। অত্যন্ত উচ্চ ভলিউমের এই সময়ে, রাজ্যের অ্যাপয়েন্টমেন্টের ওয়েবসাইট এবং কল সেন্টার বৃহৎ ভলিউম বৃদ্ধি সত্ত্বেও পরিকল্পনা অনুযায়ী কাজ করে, এবং তার জন্য উভয় সংস্থানের উন্নয়নের প্রতি নিউ ইয়র্কের অব্যাহত কাজকেই ধন্যবাদ দেওয়া যায়। শিডিউলিং সরঞ্জাম প্রথম চালু করার সময় থেকে, ট্রাফিক প্রবাহ নিয়ন্ত্রণ করার জন্য একটি অপেক্ষার কক্ষ ওয়েবসাইটে যোগ করা হয়েছে যা বড় টিকিট ব্রোকাররা যেমন ব্যবহার করেন তার মত এবং নিউ ইয়র্কবাসীদের জন্য একটি কল-ব্যাক বৈশিষ্ট্য এবং 75 বছর বা তার বেশি বয়স্ক নিউ ইয়র্কবাসীদের জন্য একটি নিবেদিত লাইন যোগ করা হয়েছে স্টেট হটলাইনে।

এক নজরে: 14 ফেব্রুয়ারি রাজ্য পরিচালিত গণ টিকাকরণ সাইটের অ্যাপয়েন্টমেন্টের তথ্য

- মোট করা সাক্ষাৎকারের সংখ্যা: 250,925
- 'আমি কি যোগ্য' টুলের মাধ্যমে মোট যোগ্যতার স্ক্রীনিং: 1,645,941 (জানুয়ারি থেকে সকল স্ক্রিনিংয়ের 13 শতাংশ)
- হটলাইনে মোট কল: 30,543
 - গড় হটলাইনে অপেক্ষার সময়: 24 মিনিট 43 সেকেন্ড
 - অপেক্ষার পর সাক্ষাৎকারের সময়সূচী নির্ধারণের গড় সময়: 13 মিনিট 43 সেকেন্ড

কোমর্সিডিটি সহ নিউ ইয়র্কবাসীদের যোগ করার সাথে সাথে, আনুমানিক 10 মিলিয়ন নিউ ইয়র্কবাসী বর্তমানে এই টিকা পাওয়ার যোগ্য। ফেডারেল সরকার পরের তিন সপ্তাহ ধরে সাপ্তাহিক সরবরাহ 20 শতাংশের বেশি বৃদ্ধি করেছে, কিন্তু নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক এবং যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা এখনও ফেডারেল সরকার থেকে আসা সরবরাহের থেকে অনেক বেশি।

সীমিত সরবরাহ এবং সীমিত সরবরাহ এবং যোগ্যতার পুলে প্রায় 3 মিলিয়ন নিউ ইয়র্কবাসী যোগ হওয়ার কারণে, নিউ ইয়র্কবাসীদের, যারা ধৈর্য ধরে ছিলেন, এবং এখনো আছেন, তাদের উৎসাহ দেওয়া হচ্ছে ধৈর্য ধরতে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)